# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৮৫৩

৯/ হাজ্জ (হজ্জ) (كتاب الحج عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ মুহরিমের জন্য দাবু‘ শিকার করা।

## باب مَا جَاءَ فِي الضَّبُعِ يُصِيبُهَا الْمُحْرِمُ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ إِبْرَاهِيمَ، أَخْبَرَنَا ابْنُ جُرَيْجٍ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عُبَيْدِ بْنِ عُمَيْرٍ، عَنِ ابْنِ أَبِي عَمَّارٍ، قَالَ قُلْتُ لِجَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ الضَّبُعُ أَصَيْدٌ هِيَ قَالَ نَعَمْ . قَالَ قُلْتُ آكُلُهَا قَالَ نَعَمْ . قَالَ قُلْتُ أَقَالَهُ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ نَعَمْ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ . قَالَ عَلِيُّ بْنُ الْمَدِينِيِّ قَالَ يَحْيَى بْنُ سَعِيدٍ وَرَوَى جَرِيرُ بْنُ حَازِمٍ هَذَا الْحَدِيثَ فَقَالَ عَنْ جَابِرٍ عَنْ عُمَرَ . وَحَدِيثُ ابْنِ جُرَيْجٍ أَصَحُّ . وَهُوَ قَوْلُ أَحْمَدَ وَإِسْحَاقَ وَالْعَمَلُ عَلَى هَذَا الْحَدِيثِ عِنْدَ بَعْضِ أَهْلِ الْعِلْمِ فِي الْمُحْرِمِ إِذَا أَصَابَ ضَبُعًا أَنَّ عَلَيْهِ الْجَزَاءَ .

বাংলা

৮৫৩. আহমাদ ইবনু মানী (রহঃ) ..... ইবনু আবূ আম্মার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, জাবির ইবনু আবদুল্লাহ (রাঃ) কে বললাম, আমি দাবু’ শিকার করতে পারি? তিনি বললেন, হ্যাঁ। আমি বললাম, তা খেতে পারি? তিনি বললেন, হ্যাঁ। আমি বললাম, একথা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন? তিনি বললেন, হ্যাঁ। - ইবনু মাজাহ ৩০৮৫, তিরমিজী হাদিস নম্বরঃ ৮৫১ [আল মাদানী প্রকাশনী]

ইমাম আবূ ঈসা (রহঃ) বলেন, এই হাদীসটি হাসান-সহীহ। ইমাম ইয়াহইয়া ইবনু সাঈদ বলেন, জারির ইবনু হাযিম (রহঃ) এই হাদীসটি রিওয়ায়াত করেছেন এবং তিনি জাবির উমার (রাঃ) সনদ উল্লেখ করেছেন। কিন্তু ইবনু জুরায়জ (রহঃ) এর রিওয়ায়াতটি অধিকতর সহীহ। এ হল ইমাম আহমাদ ও ইসহাক (রহঃ) এর অভিমত। মুহরিমের ক্ষেত্রে কতক আলিম বলেন, যদি সে দাবু’ শিকার করে তবে তাকে এর বিনিময়ে কাফফারা প্রদান করতে হবে।

## English

Ibn Abi Ammar said:
"I asked Jabir bin Abdullah: 'Is the hyena game?' He said: 'Yes'" He said: "I said: 'Can it be eaten?' He said: 'Yes.'" He said: "I said: 'Did the Messenger of Allah say that?' He said: 'Yes.'"

### ফুটনোট

দাবু হল সজারুর মত বড় এক প্রকার প্রানী।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আম্মার ইবনু আবী আম্মার (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=18042

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন